# বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭ ফেব্রুয়ারী, ২০০৬ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪র্থ সভা ২৭ ফেব্রুয়ারী, ২০০৬ তারিখ সকাল ১০.৩০ মিনিটে সংস্থাপন মন্ত্রণালয়ের সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চেয়ারম্যান ড. মুহম্মদ মাহবুবুর রহমান এর সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয় লাইব্রেরী হল রুমে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্য/কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-১ এ দেখান হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানান এবং সকলের সঙ্গে পরিচিত হন। এ পর্যায়ে বোর্ড সভার সদস্যদের উপস্থিতি বিষয়ে দৃষ্টি আকর্ষন করে বলেন যে, সরকারি কর্মচারীদের কল্যাণে কল্যাণ বোর্ডের ভূমিকা গুরুত্বপূর্ণ। সুতরাং বোর্ডের সম্মানিত সদস্যগণ বোর্ড সভায় উপস্থিত থেকে সরকারি কর্মচারীদের কল্যাণে কার্যকর ভূমিকা পালন করতে পারেন। তাই বোর্ড সভায় সকল সদস্যের নিয়মিত উপস্থিতির লক্ষ্যে সম্মানিত সদস্যদের পত্র প্রেরণের ব্যবস্থা করতে হবে। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহা-পরিচালক ও বোর্ডের সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যপত্রের ধারাবাহিকতা অনুযায়ী আলোচ্যসূচী ক্রমান্বয়ে উপস্থাপন করেন।

## আলোচ্য বিষয় ০১ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৮-০৫-২০০৫ তারিখে অনুষ্ঠিত তৃতীয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরনঃ

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৮-০৫-২০০৫ তারিখে অনুষ্ঠিত তৃতীয় সভার কার্যবিবরণী বোর্ডের সম্মানীত সকল সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণী সম্পর্কে কোন সদস্য ও কর্মকর্তাদের নিকট হতে কোনরূপ সংশোধনী প্রস্তাব/মন্তব্য না পাওয়ায় কার্যবিবরণীটি নিশ্চিত (Confirm) করা হয়।

## আলোচ্য বিষয় ০২ঃ বিগত ২৮-০৫-২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডের তৃতীয় সভার সিদ্ধান্তাবলীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ঃ

গত ২৮ মে, ২০০৫ তারিখে অনুষ্ঠিত তৃতীয় বোর্ড সভার সিদ্ধান্তাবলীর বাস্তবায়ন অগ্রগতি বিশদভাবে পর্যালোচনা করা হয়। পর্যালোচনা কালে নিম্নবর্ণীত কয়েকটি বিষয়ে সুনির্দিষ্ট সিদ্ধান্তসহ বাকী সকল বিষয়ের অগ্রগতিতে সভা সন্তোষ প্রকাশ করে।

- **সিলেট বিভাগীয় সদরে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য ষ্টাফ বাস চালুকরণ ঃ**

উপরোক্ত বিষয়ে সিলেট বিভাগীয় কমিশনার জানান যে, কমিশনার অফিস শহর থেকে অনেক দূরে হওয়ায় সরকারি কর্মকর্তা কর্মচারীদের অফিসে যাতায়াতে প্রকট যানবাহন সমস্যার সম্মুখীন হতে হয়। আলোচনায় অংশ নিয়ে সদস্য-সচিব জানান যে, সিলেটের বিভাগীয় সদরের যাতায়াত সমস্যাটি বাস্তব। তবে এ বিষয়ে বিগত বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী অর্থ মন্ত্রণালয়ে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের যে প্রস্তাব করা হয়েছিল সে প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় বরাদ্দকৃত বাজেট সমন্বয়ের মাধ্যমেই বিষয়টি সুরাহ করার পরামর্শ দিয়েছে। এ অবস্থায় স্টাফ প্রস্তাব

করেন যে, আপাতত একটি বাস ভাড়া করা যেতে পারে। পরে সংশোধনী বাজেটে অতিরিক্ত ব্যয় সমন্বয় করা যেতে পারে। উপরোক্ত প্রস্তাবে সভা একমত পোষন করেন।

□ **ষ্টাফ বাসে আসন সংখ্যা বৃদ্ধির অতিরিক্ত বাজেট বরাদ্দ ঃ**

উপর্যুক্ত বিষয়ে আলোচনা কালে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, কল্যাণ বোর্ড পরিচালিত ষ্টাফ বাসের আসন সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে অতিরিক্ত বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের অনুরোধে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রটি এখনও সেখানে পরীক্ষাধীন রয়েছে। সভাপতি মহোদয় আর কালক্ষেপন না করে বিষয়টি ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। এছাড়া তিনি ৫ (পাঁচ) টি নতুন বাস ক্রয়ের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য মহাপরিচালককে পরামর্শ দেন। সে সঙ্গে বর্তমানে বোর্ডের বাসের সংখ্যা, এগুলোর বর্তমান অবস্থা, ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে একটি পূর্নাঙ্গ প্রতিবেদনও মহাপরিচালক-কে মন্ত্রণালয়ে প্রেরণ করতে বলেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় বাসভাড়া বাবদ মাসিক আয় সম্পর্কে জানতে চান। সংশ্লিষ্ট উপ-পরিচালক এ বিষয়ে আলোকপাত করলে তিনি বাসে ভ্রমনকারীদের নিকট থেকে আদায়কৃত ভাড়া খুবই অপ্রতুল উল্লেখ করে জানান, জ্বালানী ব্যয় ও রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে বাস ভাড়া পুনঃনির্ধারণ হওয়া বাঞ্চনীয়। তিনি অভিমত ব্যক্ত করেন যে, বিষয়টিতে মহাপরিচালক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের কর্মকর্তা ও সংশ্লিষ্ট অন্যদের নিয়ে একটি সভা অনুষ্ঠান করতে পারেন এবং সভার সুপারিশসমূহ বিবেচনার জন্য তার বরাবরে পেশ করতে পারেন। সভা এতে একমত পোষন করে।

□ **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় বহুতল বানিজ্যিক ভবন নির্মাণের প্রস্তাব বিবেচনাঃ**

বাণিজ্যিক ভবন নির্মান বিষয়ে আলোচনায় মহাপরিচালক অত্যন্ত আনন্দের সাথে জানান যে, বোর্ডের নিজস্ব জায়গায় ৩০তলা বাণিজ্যিক ভবন নির্মানের প্রস্তাবে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন পাওয়া গেছে। মাননীয় প্রধানমন্ত্রী প্রস্তাবিত ভবনটির ভিত্তি প্রস্তর স্থাপনেও সদয় সম্মতি দিয়েছেন। এক্ষনে মাননীয় প্রধানমন্ত্রীর সুবিধাজনক সময়ে ভিত্তিপ্রস্তর স্থাপনের দিনক্ষণ নির্ধারণের জন্য একটি সার-সংক্ষেপ পেশ করা প্রয়োজন। এ প্রসঙ্গে সভাপতি সভাকে অবহিত করেন যে, এপ্রিল/২০০৬ এর ১ম সপ্তাহে ভিত্তিপ্রস্তর স্থাপন সম্ভব হতে পারে মর্মে মাননীয় প্রধানমন্ত্রী ইঙ্গিত দিয়েছেন। তিনি আরও জানান উদ্বোধনের দিন ঐ ভবনের পরিকল্পনা সংক্রান্ত একটি নকসা মাননীয় প্রধানমন্ত্রীকে দেখাতে হবে বিধায় স্থাপত্য অধিদপ্তরকে উক্ত ম্যাপ তৈরীর জন্য বলা যেতে পারে।

□ **সরকারি কর্মকর্তা কর্মচারীদের আবাসন সমস্যা নিরসন কল্পে তাদের অনুকূলে সহজ শর্তে ও দীর্ঘ কিস্তিতে প্লট/ফ্ল্যাট বরাদ্দ প্রদান ঃ**

উপরোক্ত বিষয়ে আলোচনায় সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন) জানান যে, এ বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তনুযায়ী জেলা প্রশাসকদের কাছে পত্র প্রেরণের প্রেক্ষিতে শুধুমাত্র মুন্সীগঞ্জ জেলা থেকে ১১ একর খাস জমি পাওয়া যেতে পারে মর্মে তথ্য পাওয়া গেছে। সভাপতি অন্যান্য জেলার তাগিদপত্র দেয়ার জন্য সংস্থাপন মন্ত্রণালয়ের উপ-সচিব (সওক) - কে নির্দেশ দেন। এ প্রসঙ্গে তিনি আরও জানান, ভূমি মন্ত্রণালয় থেকে খাস জমির খোজ নেয়া যেতে পারে। সভাপতি উল্লিখিত বিষয়ে পার্শ্ববর্তী দেশসমূহ থেকে তথ্য সংগ্রহের সিদ্ধান্তে দ্বিমত পোষন করেন। তিনি জানান যে, এ ধরণের বিষয় বিদেশে ভালভাবে নেয়া হয় না।

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, যৌথবীমা ও কল্যাণ তহবিলের ডাকঘর সঞ্চয় হিসাবে ৩(তিন) বছর মেয়াদে বিনিয়োগকৃত সমুদয় অর্থ মেয়াদান্তে যথাক্রমে জনতা ব্যাংক, তোপখানা রোড কর্পোরেট শাখায় ও সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখায় স্থানান্তরের ভূতাপেক্ষ অনুমোদন ঃ**

উপরোক্ত বিষয়ে অত্র বোর্ডের মহাপরিচালক জানান যে, বোর্ড সভার সিদ্ধান্তানুযায়ী মূলধন ও লব্ধ মুনাফা যথারীতি জনতা ব্যাংকে পুনঃবিনিয়োগ করা হয়েছে। সভাপতি জানতে চান, বিনিয়োগকালে সুদের হার যথাসম্ভব বৃদ্ধির উদ্দেশ্যে কোনরূপ দেনদরবার (নেগোসিয়েট) করা হয়েছিল কিনা। নেতিবাচক জবাবের প্রেক্ষিতে সভাপতি সংশ্লিষ্ট ব্যাংকের সঙ্গে নেগোসিয়েট করার জন্য মহাপরিচালককে বলেন। এ প্রসঙ্গে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বোর্ডের খসড়া বিধিমালায় কল্যাণ তহবিল ও যৌথবীমার টাকা কেবলমাত্র সোনালী ও জনতা ব্যাংকে বিনিয়োগের স্থলে যে কোন ব্যাংকে বিনিয়োগ করা যাবে মর্মে বিধান রাখা হয়েছে। মহাপরিচালক ব্যাংকের সঙ্গে আলোচনা করা হবে বলে সভাকে জানান।

**মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারে একটি নন-এস,টি,ডি টেলিফোন লাইন সংযোগ প্রদানঃ-**

উপরোক্ত বিষয়ে আলোচনা পর্যায়ে সভাপতি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিয়ন্ত্রণাধীন কমিউনিটি সেন্টারের সংখ্যা এবং এর আয়-ব্যয় সম্পর্কে জানতে চান। এ প্রেক্ষিতে উপ-পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা) সভাকে অবহিত করেন যে, বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সংখ্যা ৪ টি এবং অনুদান প্রদান করা হয় এমন কমিউনিটি সেন্টারের সংখ্যা ১৩ টি। তিনি আরও জানান নিজস্ব কমিউনিটি সেন্টারগুলোর অবকাঠামোগত উন্নয়নের অভাবে আয়ের পরিমান খুবই সামান্য। সভাপতি নিজস্ব কমিউনিটি সেন্টারগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কিভাবে উন্নয়ন সাধন করা যায় তা পরীক্ষা-নিরীক্ষা করে একটি পূর্নাঙ্গ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করে পরবর্তী বোর্ড সভায় বিবেচনার জন্য উপস্থাপন করার পরামর্শ দেন। এছাড়া অনুদান গ্রহনকৃত কমিউনিটি সেন্টারগুলোর আয়-ব্যয়ের হিসাব রাখার ব্যবস্থা নিতে বলেন। প্রয়োজনে এ ক্ষেত্রে কমিটি গঠন করে দেয়া যেতে পারে।

**আলোচ্য বিষয় ০৩। ষ্টাফ বাস কর্মসূচী ও মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের অনিয়মিত কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিলের টাকা কর্তন স্থগিত প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সদস্য-সচিব সভাকে অবহিত করেন, যেহেতু ষ্টাফ বাস কর্মসূচী ও মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের কর্মচারীরা অনিয়মিত এবং সরকারের রাজস্ব বাজেট বর্হিভূত তাই তাদের নিকট হতে কর্তনকৃত ভবিষ্য তহবিলে সরকার কিংবা বোর্ড হতে যথোপযুক্ত মুনাফা পায় না। সেহেতু উল্লেখিত কর্মকর্তা/কর্মচারীরা সাধারণ ভবিষ্য তহবিলের টাকা কর্তনে উৎসাহী নয় এবং বর্তমানে তারা এ কর্তন স্থগিত করতে চান। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে সভাপতি এ বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠাতে বলেন। তিনি আরও জানান, পরবর্তী বোর্ড সভায় বিষয়টি বিবেচনার জন্য পেশ করা যেতে পারে।

**আলোচ্য বিষয় ০৪। বিবিধ ঃ**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বোর্ড সভার সদস্যদের সম্মানি ভাতা প্রদান প্রসঙ্গে আলোচনা হয়। সকলের মতামতের পর সভাপতি জানান, অন্যান্য সংস্থায় বোর্ড সভায় এ ক্ষেত্রে কি নিয়ম চালু আছে তার দৃষ্টান্তসহ বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী বোর্ড সভায় এটি উপস্থাপন করা যেতে পারে।



CamScanner

**০৫। সিদ্ধান্তসমূহ ঃ**

বিভাগীয় কমিশনারগণসহ সদস্যদের অংশ গ্রহনে বিশদ ও প্রাণবন্ত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

(১) বোর্ড সভার সম্মানিত সদস্যগণের মূল্যবান পরামর্শ/ভূমিকা দ্বারা কল্যাণ বোর্ড যাতে উপকৃত হতে পারে সে লক্ষ্যে সকল সদস্যের উপস্থিতির বিষয়ে দৃষ্টি আকর্ষন করে পত্র জারী করতে হবে।

(২) সিলেট বিভাগীয় সদরে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য একটি মিনিবাস ভাড়া করা হবে। পরে সংশোধনী বাজেটে অতিরিক্ত ব্যয় সমন্বয়ের ব্যবস্থা নেয়া হবে।

(৩) নতুন ৫ (পাঁচ) টি বাস ক্রয়ের জন্য সংস্থাপন মন্ত্রণালয়ে প্রস্তাব দিতে হবে।

(৪) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় বহুতল বাণিজ্যিক ভবনের পূর্ণাঙ্গ পরিকল্পনা নকশা তৈরীর জন্য স্থাপত্য অধিদপ্তরকে বলতে হবে।

(৫) সরকারি কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সমস্যা নিরসন কল্পে খাস জমির জন্য ভূমি মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে।

(৬) যৌথবীমা ও কল্যাণ তহবিলের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ মুনাফা পাওয়ার লক্ষ্যে ব্যাংকের সঙ্গে আলোচনা করতে হবে।

(৭) বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহারের লক্ষ্যে পরীক্ষা-নিরীক্ষা করে পূর্ণাঙ্গ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয় প্রস্তাবটি পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের ব্যবস্থা করবে।

(৮) ষ্টাফ বাস কর্মসূচী ও মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের অনিয়মিত কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিলের টাকা কর্তণ স্থগিতের প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠাতে হবে।

(৯) বোর্ড সভার সদস্যদের সম্মানী ভাতার প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষান্তে অন্যান্য অনুরূপ বোর্ডের এতদসংক্রান্ত বিষয়ে বিদ্যমান দৃষ্টান্তসহ পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।

পরিশেষে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( ড. মুহম্মদ মাহবুবুর রহমান )
সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

-২২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
প্রধান কার্যালয়
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

সূত্র নং - বাককবো-০৩/২০০৪ - ২৯৫ (৩০)

তারিখ ঃ ৩০/০২/১২ বাং
১৩/০৬/০৫ খ্রী:

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩য় সভা গত ২৮-০৫-২০০৫ তারিখে সংস্থাপন মন্ত্রণালয়ের সচিব ও চেয়ারম্যান, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড জনাব এ,এস,এম, আব্দুল হালিম এর সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয়ের লাইব্রেরী হল রুমে অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্ত ঃ বোর্ডের ৩য় সভার কার্যবিবরণী।

(মোহাম্মদ আবু হাফিজ)
মহা-পরিচালক
১৩/৬/২০০৫

**বিতরন ঃ** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

০২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (তাঁকে যুগ্ম-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি প্রেরনের অনুরোধ করা হ'ল)।

০৩। অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।

০৪। সভাপতি, আঞ্চলিক কল্যাণ কমিটি ও বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।

০৫। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।

০৬। যুগ্ম-সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

০৭। যুগ্ম-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয়।

০৮। যুগ্ম-সচিব (বাজেট উইং), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

০৯। যুগ্ম-সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১০। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

১১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

১২। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন।

১৩। উপ-সচিব (প্রশাসন-২), সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তাঁকে উক্ত সভা অনুষ্ঠানের জন্য মাইকসহ প্রয়োজনীয় আনুসংগিক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হ'ল।

১৪। উপ-সচিব (সচিবালয় ও কল্যাণ), সংস্থাপন মন্ত্রণালয়।

১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬। উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল।

১৭। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহা-পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। (মহা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮। কর্মচারী প্রতিনিধি, ৩য় শ্রেণী।

১৯। কর্মচারী প্রতিনিধি, ৪র্থ শ্রেণী।

২০। সংশ্লিষ্ট নথি।

fn - 2nd_board_meet_regula_forading

CamScanner